NEW YORK STATE OF OPPORTUNITY. Unemployment Insurance Appeal Board

PO Box 15126
Albany, NY 12212-5126
www.uiab.ny.gov

বেকারত্ব বিমার শুনানি ও আপীল(Unemployment Insurance Hearings and Appeals)-এ ব্যবহৃত পরিভাষাসমূহ

মুলতবি: নির্ধারিত সময়ে শুনানি শেষ করা যায়নি এবং পরে আরেকদিন তার সময় নির্ধারিত হয়েছে।

প্রশাসনিক আইনের বিচারক: যে ব্যক্তি বেকারত্ব বিমার শুনানি পরিচালনা করেন। বিচারক সিদ্ধান্ত করেন যে সুবিধাগুলির একটি প্রাথমিক নির্ধারণকে বজায় রাখা, অগ্রাহ্য করা নাকি পরিবর্তিত করা হবে।

সত্যতা সমর্থন: বেকারত্ব বিমা আপীল বোর্ড(Unemployment Insurance Appeal Board) এর দ্বারা সিদ্ধান্ত গ্রহণ করা যে শুনানির প্রশাসনিক আইনের বিচারকের ফয়সালাটি সঠিক।

আপীল: যে পক্ষ প্রশাসনিক আইনের বিচারকের ফয়সালায় সম্মত নন তার দ্বারা প্রয়োগ করা আইনি প্রক্রিয়া। বেকারত্ব বিমা আপীল বোর্ডকে এক বা একধিক বিষয়ের পর্যালোচনা করতে বলা হয়। আপীলের সিদ্ধান্তটি বেকারত্ব বিমা আপীল বোর্ড এর এক বাএকাধিক সদস্য দ্বারা স্বাক্ষরিত হয়।

উত্তরবিচার শাখা: নিউ ইয়র্ক স্টেট এর আদালত ব্যবস্থার একটি অঙ্গ। যে সব পক্ষ বেকারত্ব বিমা আপীল বোর্ড এর থেকে প্রতিকূল সিদ্ধান্ত পান তারা উত্তরবিচার শাখায় আপীল করতে পারেন। নিউ ইয়র্কে চারটি উত্তরবিচার শাখা রয়েছে। এগুলির বিভিন্ন ভৌগলিক অঞ্চল ("বিভাগসমূহ" বলে উল্লেখ করা হয়েছে) আসে।
বেকারত্ব বিমা আপীল বোর্ড এর সিদ্ধান্তগুলির যাবতীয় আপীল তৃতীয় বিভাগের কাছে যায়।

উপস্থিতি: একটি পক্ষের শুনানিতে অংশগ্রহণ করা। পক্ষগুলি সাক্ষ্য দিতে, প্রতিপক্ষের সাক্ষীদের প্রশ্ন করতে, প্রমাণ হিসেবে গ্রহণ করা নথিপত্র পর্যালোচনা করতে ও শেষ বিবৃতি দিতে পারে।

পুনরায় খোলার আবেদন: কোনো পক্ষ নতুন শুনানির অনুরোধ করলেন বা বেকারত্ব বিমা আপীল বোর্ড এর সিদ্ধান্ত আবার করে খুলতে চাইলেন।

সালিশি: দুই পক্ষের মধ্যে বিবাদের সিদ্ধান্ত নেওয়ার একপ্রকারের শুনানি। সালিশ হিসেবে একজন স্বাধীন শুনানি আধিকারিকের দ্বারা সিদ্ধান্ত নেওয়া হয়। প্রশাসনিক আইনের বিচারকের বা বোর্ডের সিদ্ধান্তে পৌঁছতে প্রায়শই সালিশির সিদ্ধান্তকে বিবেচনা করা হয়।

দাবি: কোনো বেকার ব্যক্তির দ্বারা বেকারত্ব বিমার সুবিধাগুলির অনুরোধ করতে ব্যবহৃত হয়। কোনো দাবি টেলিফোনে অথবা শ্রম বিভাগের ওয়েবসাইট ব্যবহার করে দায়ের করা যায়।

দাবিদার: কোনো ব্যক্তি যিনি চাকরি হারিয়েছেন এবং বেকারত্ব বিমার সুবিধাগুলির আবেদন করছেন।

শেষ বিবৃতি: প্রতিটি পক্ষ দ্বারা শুনানির শেষে দেওয়া ব্যাখ্যা। এতে কেন সেই পক্ষের অনুকূল সিদ্ধান্ত পাওয়া উচিত তা বলা হয়।

সমান্তরাল প্রতিবন্ধক: একজন সালিশ দ্বারা খুঁজে পাওয়া তথ্যের প্রভাব। কিছু কিছু পরিস্থিতিতে, কোনো প্রশাসনিক আইনের বিচারক এমন কোনো তথ্য খুঁজে পান না যা সালিশের খুঁজে পাওয়া তথ্যের সঙ্গে সহমত হয় না।

শ্রম কমিশনার: শ্রম বিভাগের দায়িত্বে থাকা ব্যক্তি। এই ব্যক্তি বেকারত্ব বিমা আইন সহ শ্রম আইনের যাবতীয় ধারা সঠিকভাবে প্রতিপালিত হওয়া নিশ্চিত করার দায়িত্বপ্রাপ্ত। কমিশনার নিউ ইয়র্ক স্টেট এর গভর্নর দ্বারা নিযুক্ত হন।

শ্রম কমিশনারের প্রতিনিধি: শ্রম বিভাগের এমন একজন কর্মচারী যিনি শুনানিতে শ্রম কমিশনারের হয়ে উপস্থিত হন। এই প্রতিনিধি প্রমাণ দাখিল করতে, সাক্ষীদের জেরা করতে এবং একটি শেষ বিবৃতি দিতে পারেন যাতে ব্যাখ্যা করা হয় যে কেন শ্রম বিভাগের দ্বারা জারি করা প্রাথমিক নির্ধারণ বজায় রাখা উচিত।

জেরা করা: যখন একটি পক্ষ অন্য পক্ষকে বা অন্য পক্ষের সাক্ষীদের প্রশ্ন করেন। উদাহরণস্বরূপ, দাবিদার নিয়োগকর্তার বা শ্রম কমিশনারের হয়ে উপস্থিত কোনো সাক্ষীকে প্রশ্ন করতে পারেন। নিয়োগকর্তা দাবিদারকে এবং দাবিদারের বা শ্রম কমিশনারের হয়ে উপস্থিত কোনো সাক্ষীকে প্রশ্ন করতে পারেন। শ্রম কমিশনারের কোনো প্রতিনিধি সব পক্ষকে ও তাদের সাক্ষীদেরকে প্রশ্ন করতে পারেন।

অনুপস্থিতি: যখন শুনানির অনুরোধ করা কোনো পক্ষ উপস্থিত হতে ব্যর্থ হন। এর অর্থ এটাও হতে পারে যে একটি পক্ষ কোনো শুনানিতে মামলা চালাতে ব্যর্থ হয়েছেন, কারণ সেই পক্ষের কোনো প্রতিনিধি বা অ্যাটর্নি অথবা কোনো সাক্ষী বা নথি নেই যা সেই পক্ষ মামলা জেতার জন্য জরুরি বলে মনে করেন।

সিদ্ধান্ত: একটি আইনি নথি যা একটি শুনানির পর একজন প্রশাসনিক আইনের বিচারকের দ্বারা অথবা কোনো আপীলের পর বেকারত্ব বিমা আপীল বোর্ডের এক বা একাধিক সদস্যের দ্বারা স্বাক্ষরিত ও জারি করা হয়। এই সিদ্ধান্তে বলা হবে যে শ্রম বিভাগের প্রাথমিক নির্ধারণটি বজায় রাখা, অগ্রাহ্য করা বা পরিবর্তিত করা হবে কিনা। এই সিদ্ধান্তের মধ্যে প্রক্রিয়াগত ইতিহাস, খুঁজে পাওয়া তথ্য এবং তথ্যের ও আইনের একটি বিশ্লেষণ থাকে।

সরাসরি সাক্ষ্যদান: প্রতিটি পক্ষের বা পক্ষের সাক্ষীর প্রশাসনিক আইনের বিচারক বা কোনো পক্ষের দ্বারা শুনানিতে করা প্রশ্নের উত্তরে দেওয়া বিবৃতি।

যথাযথ প্রক্রিয়া: যে প্রণালী নিশ্চিত করে যে সকল পক্ষই একটি ন্যায্য শুনানি পেয়েছেন। মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধানের পঞ্চম ও চতুর্দশ সংশোধনী আইনি প্রক্রিয়া এমন নিয়মাবলী মেনে হওয়া নিশ্চিত করে যা পক্ষগুলির অধিকার রক্ষা করে।

প্রমাণ: শুনানিতে দেওয়া সাক্ষ্য বা প্রদর্শিত বস্তুসমূহ। প্রশাসনিক আইনের বিচারক যে প্রমাণকে বাস্তব বলে মনে করবেন তা একটি বা অপর পক্ষের অনুকূলে সিদ্ধান্ত নেওয়ার জন্য ব্যবহার করা হবে।

প্রদর্শিত বস্তুসমূহ: নথি, মাধ্যম্বা অন্যান্য ভৌত বস্তুর আকারে প্রমাণ।

নিয়োগকর্তা: একটি কর্পোরেশন, দুই বা ততোধিক ব্যক্তির অংশীদারিত্ব, একটি ক্ষুদ্র ব্যবসা, একজন একক মালিক বা ব্যবসার মালিক যার জন্য দাবিদার কাজ করতেন।

শুনানি: যে কার্যধারায় প্রশাসনিক সিনের বিচারকের কাছে প্রমাণ উপস্থাপিত করা হয়। যে পক্ষগুলি উপস্থিত হয় তাদেরকে বিচারক, তাদের নিজেদের প্রতিনিধি ও প্রতিপক্ষের থেকে প্রশ্ন করা হয়। তারা প্রতিপক্ষের নিয়ে আসা সাক্ষীদেরকেও প্রশ্ন করতে পারেন। বিচারক প্রমাণের ভিত্তিতে একটি সিদ্ধান্তে পৌঁছবেন। বিচারক সিদ্ধান্ত নেবেন যে শ্রম বিভাগের প্রাথমিক নির্ধারণটি বজায় রাখা, অগ্রাহ্য করা বা পরিবর্তিত করা হবে কিনা।

জনশ্রুতি: যে প্রমাণ কারুকে পড়ে শোনানো হয়েছে অথবা কোনো ঘটনা যা শুনেছেন, কিন্তু প্রকৃতপক্ষে দেখেননি বা শোনেননি।

প্রাথমিক নির্ধারণ: শ্রম বিভাগের জারি করা যে নথিতে কোনো নির্দিষ্ট আইনি সমস্যা জড়িত এবং যাতে সিদ্ধান্ত নেওয়া হয় যে দাবিদার বেকারত্ব বিমার সুবিধাগুলি পাওয়ার যোগ্য কিনা।

শ্রম পরিষেবা প্রতিনিধি: একজন কর্মচারী যিনি শ্রম বিভাগের হয়ে সিদ্ধান্ত নেন যে দাবিদারকে বেকারত্ব বিমার সুবিধাগুলির অনুমতি দেওয়া হবে, নাকি তা প্রত্যাখ্যান করা হবে। শ্রম পরিষেবা প্রতিনিধি কোনো শুনানিতে দাবিদার বা নিয়োগকর্তার সঙ্গে টেলিফোন সাক্ষাৎকার ও ইমেল আদানপ্রদান সম্পর্কে সাক্ষ্য দিতে পারেন।

পরিবর্তিত হল: প্রশাসনিক আইনের বিচারকের এমন একটি সিদ্ধান্ত যাতে প্রাথমিক নির্ধারণ আংশিকভাবে বজায় রাখা হবে এবং আংশিকভাবে বাতিল করা হবে। এটি বেকারত্ব বিমা আপীল বোর্ডের এমন একটি সিদ্ধান্তও হতে পারে যে প্রশাসনিক আইনের বিচারকের সিদ্ধান্ত আংশিকভাবে সঠিক এবং আংশিকভাবে সমর্থন ও আংশিকভাবে বিপরীত করতে হবে।

অগ্রাহ্য করা হল: প্রশাসনিক আইনের বিচারকের এমন একটি সিদ্ধান্ত যাতে বলা হয় যে প্রাথমিক নির্ধারণ ত্রুটিপূর্ণ এবং তা কার্যকর থাকবে না।

পক্ষ: শুনানির ফলে প্রভাবিত হবে এমন কোনো ব্যক্তি বা ব্যবসা। যে তিনটি পক্ষ একটি বেকারত্ব বিমার শুনানিতে অংশগ্রহণ করতে পারে তারা হলেন দাবিদার, নিয়োগকর্তা ও শ্রম কমিশনার।

তদন্তসাপেক্ষে প্রেরণ: বেকারত্ব বিমা আপীল বোর্ডের কোনো সদস্যের মামলাটিকে শুনানির প্রশাসনিক আইনের বিচারকের কাছে আরেকটি শুনানির জন্য প্রেরণের সদ্ধান্ত নেওয়া।

প্রতিনিধি: যে ব্যক্তি কোনো পক্ষের হয়ে শুনানিতে প্রশাসনিক আইনের বিচারকের সঙ্গে কথা বলেন এবং সাক্ষীদের প্রশ্ন করেন। একজন অ্যাটর্নি দাবিদারদের প্রতিনিধি হিসেবে থাকতে পারেন, যদিও তা কোনো প্রয়োজনীয়তা নয়। নিয়োগকর্তার প্রতিনিধি হিসেবে একজন অ্যাটর্নি অথবা সরকারি ব্যাপারে নিয়োগকর্তার প্রতিনিধিত্ব করে এমন কোম্পানি থাকতে পারে। অথবা, নিয়োগকর্তার প্রতিনিধি হিসেবে তার নিজের কোনো কর্মচারী থাকতে পারেন, যেমন কর্মচারীবৃন্দ বা মানবসম্পদ দপ্তরের কোনো কর্মচারী।

বিপরীত করা হয়েছে: বেকারত্ব বিমা আপীল বোর্ডের সদস্যের বা সদস্যদের দ্বারা সিদ্ধান্ত গ্রহণ করা যে প্রশাসনিক আইনের বিচারকের ফয়সালাটি সঠিক নয়।

স্বতন্ত্র করে রাখা: সাক্ষীদের পৃথক করে রাখা। কোনো পক্ষ দুই বা ততোধিক সাক্ষী হাজির করলে, যে সাক্ষী সাক্ষ্যদান করছেন কেবল তাকেই শুনানিকক্ষে থাকতে দেওয়া হবে। অন্যান্য সাক্ষীদেরকে, যতক্ষণ না তাদের সাক্ষ্য দেওয়ার সময় আসে, ততক্ষণের জন্য একটি অপেক্ষা করার স্থানে পাঠিয়ে দেওয়া হবে। সাক্ষীদের পৃথক করে রাখা হয় যাতে তারা পরস্পরের সাক্ষ্যকে প্রভাবিত করতে না পারেন।

সপিনা: একটি আইনি নথি যা শুনানির পক্ষ নন এমন কোনো ব্যক্তি বা ব্যবসাকে শুনানিতে নথি উপস্থাপিত করার নির্দেশ দেয়।
এটি কোনো নির্দিষ্ট ব্যক্তিকে শুনানিতে সাক্ষ্য দেওয়ার নির্দেশও দিতে পারে। সপিনাটি প্রশাসনিক আইনের বিচারকের দ্বারা স্বাক্ষরিত হয়।

বজায় রাখা হল: প্রশাসনিক আইনের বিচারকের এমন একটি সিদ্ধান্ত যাতে বলা হয় যে প্রাথমিক নির্ধারণ সঠিক এবং তা কার্যকর থাকবে।

সাক্ষ্য: পক্ষগুলির বা পক্ষগুলির সাক্ষীদের দ্বারা শপথ বা সুনিশ্চিত স্বীকৃতির অধীনে দেওয়া বিবৃতিগুলি।

বেকারত্ব বিমা আপীল বোর্ড: নিউ ইয়র্ক স্টেটের গভর্নর দ্বারা নিযুক্ত পাঁচজন সদস্য নিয়ে গঠিত একটি স্বাধীন বোর্ড। এই বোর্ড তার প্রশাসনিক আইনের বিচারকের ফয়সালার বিরুদ্ধে আসা আপীলগুলির সম্পর্কে সিদ্ধান্ত নেয়।

সাক্ষী: কোনো ব্যক্তি, যিনি কোনো পক্ষ নন, যিনি শুনানিতে সাক্ষ্য দেন।